



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রিপোর্টাস ইউনিটির ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন



২৩ নভেম্বর-২০২৩, বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রিপোর্টাস ইউনিটির ৬ষ্ঠ প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ সাংবাদিকতাকে মহৎ ও সৃষ্টিশীল পেশা হিসেবে উল্লেখ করে বলেন, ‘আমাদের বিশ্ববিদ্যালয়ের অনেক অর্জন রয়েছে, একাডেমিক কার্যক্রমের পাশাপাশি ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অঙ্গনে আমাদের অনেক সাফল্য এসব নিয়ে প্রতিবেদন হলেই বিশ্ববিদ্যালয়ের সুনাম বৃদ্ধি পাবে। বিভিন্নজনের মাঝে বিভিন্ন দ্বন্দ্ব থাকতেই পারে এধরনের সংবাদে বিশ্ববিদ্যালয়ের দুর্নাম হয়। বস্তুনিষ্ঠ সংবাদ প্রেরণের মাধ্যমেই আমরা ভালো কিছু পাবো।’

তিনি আরো বলেন, ‘সামনে জাতীয় নির্বাচন নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে কিংবা সংবাদ মাধ্যমে যাতে কেউ গুজব না ছড়াতে পারে এবিষয়ে আমাদের সতর্ক থাকতে হবে।’

এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান, পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নূরে আলম আব্দুল্লাহ, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার, প্রক্টর



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



অধ্যাপক ড. মোস্তফা কামাল, পরিচালক (ছাত্র কল্যাণ) ড. জি এম আল আমীন, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, রিপোর্টাস ইউনিটির সভাপতি ও সাধারণ সম্পাদক ও জবি রিপোর্টাস ইউনিটির অন্যান্য সদস্যবৃন্দ।

সকালে জবি রিপোর্টাস ইউনিটির সদস্যবৃন্দের অংশগ্রহণে একটি র্য়ালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।